গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
চলচ্চিত্র অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৭.৩১.০৫৯.১৬.২৯৯

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ ১৪২৪ / ২৯ মে ২০১৭

প্রজ্ঞাপন

স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধসম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে 'পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি'র সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে নিম্নের ছকে উল্লিখিত চলচ্চিত্র নির্মাণের নিমিত্ত প্রযোজককে ২০১৬-২০১৭ অর্থ বছরে অনুদান প্রদান এবং গল্প লেখক ও চিত্রনাট্যকারকে উৎসাহ পুরস্কার প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক্রমিক নং	চলচ্চিত্রের নাম	প্রযোজক/প্রস্তাবকের নাম	কাহিনিকারের নাম	পরিচালকের নাম	অনুদান প্রদানের সুপারিশকৃত টাকার পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
১)	প্রিয় জন্মভূমি (শিশুতোষ)	জনাব সোহানুর রহমান সোহান	ছটকু আহমেদ	জনাব সোহানুর রহমান সোহান	৪০,০০,০০০/-	নির্মাণ পরিকল্পনা, সংশোধিত চিত্রনাট্য ও প্রধান প্রধান দৃশ্যের স্টোরিবোর্ড জমা দিতে হবে।
২)	একজন মরিয়ম (প্রমাণ্যচিত্র)	জনাব নূর-ই-আলম সিদ্দিকী	---	মুহাম্মদ ফেরদৌস আলম সিদ্দিকী	৩০,০০,০০০/-	নির্মাণ পরিকল্পনা, সংশোধিত চিত্রনাট্য ও প্রধান প্রধান দৃশ্যের স্টোরিবোর্ড জমা দিতে হবে।
৩)	নোনাজলের কাব্য	রেজওয়ান শাহরিয়ার সুমিত	রেজওয়ান শাহরিয়ার সুমিত	রেজওয়ান শাহরিয়ার সুমিত	৫০,০০,০০০/-	নির্মাণ পরিকল্পনা ও চিত্রনাট্যের প্রধান প্রধান দৃশ্যের স্টোরিবোর্ড জমা দিতে হবে।
৪)	রূপসা নদীর বাঁকে	জনাব তানভীর মোকাম্মেল	জনাব তানভীর মোকাম্মেল	জনাব তানভীর মোকাম্মেল	৫০,০০,০০০/-	নির্মাণ পরিকল্পনা ও চিত্রনাট্যের প্রধান প্রধান দৃশ্যের স্টোরিবোর্ড জমা দিতে হবে।
৫)	আজব সুন্দর	জনাব সামিয়া জামান	---	শবনম ফেরদৌসী	৫০,০০,০০০/-	নির্মাণ পরিকল্পনা, সংশোধিত চিত্রনাট্য ও প্রধান প্রধান দৃশ্যের স্টোরিবোর্ড জমা দিতে হবে।
৬)	দায় মুক্তি	জনাব জসিম উদ্দীন	কমল সরকার	কমল সরকার	৪০,০০,০০০/-	নির্মাণ পরিকল্পনা, সংশোধিত চিত্রনাট্য ও প্রধান প্রধান দৃশ্যের স্টোরিবোর্ড জমা দিতে হবে।

অনুদানের শর্তাবলি :

০১. সরকারের পূর্বানুমতি ব্যতীত শিল্পী/কলাকুশলী/গল্প/চিত্রনাট্যের কোনো পরিবর্তন করা যাবে না;

০২. অনুদানের প্রথম চেক প্রাপ্তির ০৯ (নয়) মাসের মধ্যে চলচ্চিত্র নির্মাণ সমাপ্ত করতে হবে;

০৩. অনুদানে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের প্রক্ষেপণ সময় (স্থিতি) ০২ ঘন্টার বেশী না হওয়া বাঞ্ছনীয়। তবে বিশেষ প্রয়োজন সাপেক্ষে অনুদান কমিটির বিবেচনায় সঙ্গত মনে হলে প্রক্ষেপণ সময়সীমা বৃদ্ধি করা যাবে;

০৪. নির্বাচিত চলচ্চিত্র নির্মাণ শুরু করার নিমিত্ত অনুদানের ১ম কিস্তি হিসেবে অনুদানের ৩০% অর্থ প্রদান করা হবে। অনধিক ০৩ মাসের মধ্যে চলচ্চিত্রের কমপক্ষে ৩০% ভাগ চিত্রায়নের পর অনুদান কমিটি কর্তৃক চিত্রায়িত অংশ সন্তোষজনক বিবেচিত হলে অনুদানের দ্বিতীয় কিস্তি হিসেবে ৩৫ মি.মি. ফরমেটে নির্মিত চলচ্চিত্রকে অনূর্ধ্ব আরো ৫০% এবং ডিজিটাল ফরমেটে নির্মিত চলচ্চিত্রকে অনূর্ধ্ব ৩০% অর্থ প্রদান করা হবে;

০৫. ৩৫ মি:মি: ফরমেটে নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে সম্পূর্ণ চলচ্চিত্রের সম্পাদিত রাশ ও ডাবিংকৃত সংলাপ অনুদান কমিটি কর্তৃক পরীক্ষার পর কমিটির সুপারিশ সাপেক্ষে অবশিষ্ট শতকরা ২০ ভাগ অর্থ প্রদান করা হবে। ডিজিটাল ফরমেটে নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে সম্পাদিত রাশ ও ডাবিংকৃত সংলাপ অনুদান কমিটি কর্তৃক পরীক্ষাপূর্বক অবশিষ্ট শতকরা ৪০ ভাগ অর্থ প্রদান করা হবে। । সংশ্লিষ্ট চলচ্চিত্র সংরক্ষণের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ও বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে হার্ডডিস্ক/ডিভিডি ফরম্যাটে একটি কপি অবশ্যই জমা দিতে হবে। তবে কমিটি চলচ্চিত্রটি দেখে সঙ্গত কারণ থাকলে কমিটির সুপারিশের ভিত্তিতে সরকার অনুদানের টাকার পরিমাণ কমাতে পারবে;

০৬. অনুদানে নির্মিত চলচ্চিত্র মৌলিক নয় বলে প্রমাণিত হলে প্রযোজক অনুদান হিসেবে গৃহীত সমুদয় অর্থ রাষ্ট্রীয় কোষাগারে প্রচলিত সুদসহ ফেরত দিতে বাধ্য থাকবেন; সে ক্ষেত্রে সরকার আইনগত ব্যবস্থাও গ্রহণ করতে পারবে;

০৭. সরকারের নিকট উপযুক্ত এরূপ কারণ ছাড়া যদি প্রযোজক অনুদান প্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ অসম্পূর্ণ অবস্থায় ফেলে রাখেন তবে চলচ্চিত্র নির্মাণের সাথে জড়িত সকল মালামাল ও বিষয় সম্পত্তি সরকারের নিজ জিম্মায় গ্রহণ করার আইনানুগ অধিকার সংরক্ষণ এবং প্রদত্ত অনুদানের অর্থ সম্পূর্ণভাবে ফেরত পাওয়ার জন্য যে কোনো আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

০৮. নির্মিত চলচ্চিত্রের ভাষা ও বিষয়বস্তু অবশ্যই জেন্ডার সংবেদনশীল হতে হবে;

০৯. অনুদান প্রদানের পরও সরকার যে কোন যুক্তিসংগত শর্ত আরোপ করতে পারবে;

১০. অনুদান প্রাপ্ত চলচ্চিত্রের সকল শিল্পী/কলাকুশলীকে বাংলাদেশী নাগরিক হতে হবে। তবে বিশেষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোনো বিদেশী কলাকুশলীর প্রয়োজন হয়, মন্ত্রণালয়ের বিশেষ অনুমতিক্রমে উক্তরূপ কলাকুশলীগণ অংশগ্রহণ করতে পারবেন;

১১. উপরের ছকে বর্ণিত প্রস্তাবিত চলচ্চিত্র নির্মাণের জন্য প্রত্যেক প্রযোজক তাঁদের নামের পার্শ্বে ৬নং কলামে উল্লেখিত হারে অনুদান পাবেন;

১২. সরকারি অনুদান প্রাপ্ত কোনো চলচ্চিত্র বিএফডিসিতে নির্মাণের সুবিধা গ্রহণ করতে চাইলে বিএফডিসি বিধি মোতাবেক তাদের সার্ভিস চার্জে ৫০% ছাড় দিতে পারে;

চলমান পৃষ্ঠা-২

পূর্ব পৃষ্ঠার পর

১৩. অনুদান প্রাপ্ত চলচ্চিত্রের গল্প/কাহিনী/চিত্রনাট্যের জন্য গল্প লেখক/চিত্রনাট্যকারগণকে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উৎসাহ পুরস্কার প্রদান করা হবে। সে ক্ষেত্রে কোনো চলচ্চিত্রের গল্প লেখক/চিত্রনাট্যকার একাধিক হলে উক্ত টাকা সমহারে বিভাজ্য হবে।

১৪. সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্র রাষ্ট্রীয় প্রয়োজনে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস এবং দেশী-বিদেশী চলচ্চিত্র উৎসবে প্রযোজককে অবহিত রেখে অবাণিজ্যিক ভিত্তিতে প্রদর্শনের অধিকার সরকার সংরক্ষণ করে;

১৫. অনুদানের অর্থ গ্রহণের পর চলচ্চিত্র নির্মাণ না করা হলে প্রযোজককে সমুদয় অর্থ প্রচলিতসুদসহ রাষ্ট্রীয় কোষাগারে জমা দিতে হবে;

১৬. কোনো প্রযোজক অনুদানের অর্থ গ্রহণের পরে দ্রব্যমূল্য বৃদ্ধি জনিত সমস্যা কিংবা অন্য কোনো অজুহাতে অনুদানের অর্থ বৃদ্ধি কিংবা অন্য কোনো ধরণের কোনো সুবিধা দাবী করতে পারবেন না;

১৭. প্রতি কিস্তির অর্থ গ্রহণের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে চলচ্চিত্র নির্মাণ কার্যাদির তারিখ ও স্থান উল্লেখ করে কার্য তফসিল (Work Schedule), সম্ভাব্য ব্যয় প্রাক্কলন এবং প্রযোজ্য ক্ষেত্রে পূর্বতন কিস্তির সমন্বয় হিসাব জমা প্রদান করতে হবে;

১৮. নির্মিত চলচ্চিত্র জনসাধারণের জন্য প্রদর্শনের পূর্বে বিধি মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সনদপত্র গ্রহণ করতে হবে;

১৯. সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্রের স্বত্ব কোনো ভাবেই হস্তান্তর করা যাবে না;

২০. প্রযোজককে চলচ্চিত্র অনুদান নীতিমালার বিধানাবলি যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং অনুদানপ্রাপ্ত প্রযোজককে সরকারি বিধি অনুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে) কর/ভ্যাট প্রদান করতে হবে;

২১. প্রযোজকগণ শুটিং পরিকল্পনা চূড়ান্ত করে মন্ত্রণালয়ে দাখিল করবেন এবং সে মোতাবেক চলচ্চিত্র নির্মাণ করবেন;

২২. ডিজিটাল ফরম্যাটে চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে ন্যূনতম 2K রেজুলেশন নিশ্চিত করতে হবে; এবং

২৩. উপর্যুক্ত শর্তসমূহ পালনকল্পে নির্বাচিত চলচ্চিত্রের প্রযোজক অনতিবিলম্বে ৩০০/- (তিন শত) টাকার স্ট্যাম্পে সরকারের সঙ্গে চুক্তি স্বাক্ষর করবেন এবং চলচ্চিত্রটি ডিজিটাল ফরম্যাটে নাকি ৩৫ মি:মি: ফরম্যাটে নির্মাণ করবেন তা লিখিতভাবে অবহিত করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৭.০৫.২০১৭

(শাহীন আরা বেগম, পিএএ)
উপ-সচিব(চলচ্চিত্র)
ফোন- ৯৫৪০৪৬৩
ই-মেইল: sas.flm@moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৭.৩১.০৫৯.১৬.২৯৯(২৫)

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ ১৪২৪ / ২৯ মে ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব সুকুমার রঞ্জন ঘোষ, মাননীয় সংসদ সদস্য, ১৭১ মুন্সিগঞ্জ-১ ইয়াকুব সাউথ সেন্টার, ১৫৬ লেক সার্কাস, মিরপুর রোড, কলাবাগান, ঢাকা।
২. বেগম সিমিন হোসেন (রিমি), মাননীয় সংসদ সদস্য, ১৯৭ গাজীপুর-৪, ৯২, মসজিদ রোড, ডিওএইচএস বনানী, ঢাকা।
৩. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
৬. অধ্যাপক ড. শফিউল আলম ভূঁইয়া, অধ্যাপক, ডিপার্টমেন্ট অব টেলিভিশন এন্ড ফিল্ম স্টাডিজ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. ড. বিশ্বজিৎ ঘোষ , অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৮. জনাব নাসির উদ্দীন ইউসুফ, চলচ্চিত্র নির্মাতা ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ১১/১ খ, পুরানা পল্টন, লাইন, ঢাকা।
৯. জনাব মতিন রহমান, চলচ্চিত্র পরিচালক, ইয়া আল্লাহ, ১২/১৩ ইকবাল রোড (১ম তলা) মোহাম্মদপুর, ঢাকা।
১০. জনাব মামুনুর রশীদ, নাট্যকার ও অভিনেতা, ৯৭, সড়ক ৯/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯।
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১২. ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।
১৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৭. হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. জনাব তানভীর মোকাম্মেল, প্রযোজক, ফ্ল্যাট-৪/বি, বাড়ী-৪৫, রোড-৫, ধানমন্ডি, আ/এ, ঢাকা।
১৯. জনাব সামিয়া জামান, প্রযোজক, হাউজ নং-৩/ই, ফ্ল্যাট-সি/জি, রোড নং-১৩৭, গুলশান-১, ঢাকা।
২০. জনাব জসিম উদ্দীন,প্রযোজক, হাউজ নং-১, ফ্ল্যাট নং-সি-৪,রোড নং-৭/এ, ধানমন্ডি, ঢাকা।
২১. জনাব সোহানুর রহমান সোহান, প্রযোজক, বাড়ি নং-৩, রোড-২, ফ্ল্যাট-এ/৫, সেক্টর-৩, উত্তরা, ঢাকা।
২২. জনাব নূর-ই-আলম সিদ্দিকী, প্রযোজক, ৩৮৩/২/ডি, ফ্রী স্কুল স্ট্রীট, হাতিরপুল, ঢাকা।
২৩. রেজওয়ান শাহরিয়ার সুমিত, প্রযোজক, ফ্ল্যাট-১৩০২, ইস্টার্ণ রোকেয়া টাওয়ার, ৭৪, বড় মগবাজার, ঢাকা।
২৪. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. যুগ্মসচিব (চলচ্চিত্র) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৭.০৫.২০১৭

(শাহীন আরা বেগম, পিএএ)
উপ-সচিব(চলচ্চিত্র)